

রাত ১০টার পর জবি ক্যাম্পাসে অবস্থানে নিষেধাজ্ঞা

জবি প্রতিনিধি

০৯ নভেম্বর, ২০২৩

১৭:০৯

শেয়ার

অ +

অ -



সংগ্রহীত ছবি

জগন্নাথ বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে শিক্ষার্থীদের রাত ১০টার পর অবস্থান না করার অনুরোধ জানানো হয়েছে। আজ বৃহস্পতিবার (৯ নভেম্বর) বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার প্রকৌশলী মো. ওহিদুজ্জামান স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, ক্যাম্পাসের নিরাপত্তা ও শৃঙ্খলার স্বার্থে রাত ১০টার পর ক্যাম্পাসে অবস্থান না করার জন্য অনুরোধ জানানো হলো। এ ছাড়া এ বিষয়ে সংশ্লিষ্ট সকলের সাহায্য একান্ত কাম্য বলে বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়েছে।